


রাবি উপ-উপাচার্যের বিরুদ্ধে বিভাগের সভাপতিকে ফাঁসানোর অভিযোগ

রাবি সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষক নিয়োগে জড়িত নন বলে দাবি করেছেন আইন বিভাগের সভাপতি অধ্যাপক আব্দুল হান্নান। নিজেকে রক্ষা করতেই উপ-উপাচার্য চৌধুরী মোঃ জাকারিয়া তার ওপর দায় চাপিয়ে ফাঁসানোর চেষ্টা করেছেন বলেও দাবি করেছেন অধ্যাপক হান্নান। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্রনাথ ঠাকুর একাডেমিক ভবনে সংবাদ সম্মেলনে তিনি এসব দাবি করেন।

গত ৩০ সেপ্টেম্বর শিক্ষক নিয়োগে চাকরি প্রত্যাশীর স্ত্রীর সঙ্গে উপ-উপাচার্য মোঃ জাকারিয়ার দণ্ড কষাকষি সংক্রান্ত ফোনালাপ ফাঁস হয়। এর পরিপ্রেক্ষিতে ৩ অক্টোবর সংবাদ সম্মেলন ডেকে মোঃ জাকারিয়া নিজেকে নির্দোষ দাবি করেন। এ সময় তিনি বলেন, এই নিয়োগ বাণিজ্যে আইন বিভাগের সভাপতি আব্দুল হান্নান জড়িত। তিনি নুরুল হুদা নামের ওই চাকরি প্রত্যাশীর সঙ্গে ২ লাখ টাকা লেনদেনের অভিযোগও করেন তিনি। আব্দুল হান্নান ও নুরুল হুদার মধ্যে এই সংক্রান্ত একটি ফোনালাপও গণমাধ্যমে দেন উপ-উপাচার্য এই অভিযোগ অস্বীকার করে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে অধ্যাপক হান্নান বলেন, সম্প্রতি ফোনালাপে নুরুল হুদা ধার দেয়া টাকার কথাই উল্লেখ করেছে। উক্ত রেকর্ডেও নুরুল হুদা বারবার ‘ধার’ শব্দটিই উচ্চারণ করেছে। উক্ত ধার চাকরির নিয়োগ বোর্ডের পূর্বেই পরিশোধ করা হয়েছে। সুতরাং নিয়োগ না হওয়ায় টাকা ফেরত চাওয়ার অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত।’ অধ্যাপক হান্নান আরও বলেন, ‘মাননীয় প্রো-ভিসি মহোদয় কর্তৃক প্রদত্ত বিবৃতি ও সংবাদ সম্মেলনে প্রদত্ত বক্তব্যের কারণে বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত সংবাদে আইন বিভাগসহ আমার মান-সম্মান ক্ষুণ্ণ করার অপপ্রয়াস চালানো হয়েছে।’ এজন্য প্রয়োজনে আইনী ব্যবস্থা নেবেন বলে জানিয়েছেন তিনি।

 পিসির জন্য ফ্রি PUBG এমুলেটর

বিজ্ঞাপন উচ্চ মানের গ্রাফিক্স এবং বাঃ

GameLoop

Download

এদিকে ফোনালাপ ফাঁসের পর থেকেই উপাচার্য ও উপ-উপাচার্যের পদত্যাগ দাবিতে শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত রয়েছে। এ ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দেন প্রগতিশীল শিক্ষক সমাজের ৫৮ শিক্ষক। বিবৃতিতে ‘দুর্নীতিবাজ এবং নিয়োগ বাণিজ্যের নিবেদিত’ প্রশাসকদের অপসারণ দাবি করেন তারা।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাষ্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫

09/10/2019

রাবি উপ-উপাচার্যের বিরুদ্ধে বিভাগের সভাপতিকে ফাঁসানোর অভিযোগ || দেশের খবর || জনকন্ঠ

জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ই-মেইল: janakanthanews@gmail.com

ই-জনকন্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com